মন্ত্রণাদাতা একজন গিয়া রাজাকে বলিল কানে,
আধ্যাত্মিকতায় এই সাধু অতি উঁচুতে সকলে জানে।
কাজেই তাঁহাকে অতি সমাদর করি' সম্মান দিয়া
অভ্যর্থনা করা সমুচিত সভার ভিতরে নিয়া।
মুনিবরে রাজা সমাদর করি বসাতে উচ্চাসনে,
অষ্টাবক্র জানিতে চাহেন আলোচ্য কী এক্ষণে?



রাজা কহিলেন পূর্বে একটাই প্রশ্ন ছিল তাঁর তাহার সঙ্গে আরও একখানি যোগ হ'ল জানিবার।
প্রথম প্রশ্ন, রাজসভাগৃহে প্রবেশেন যেই ক্ষণে, কী ভাবিয়া সেথা হাসিলেন তিনি পরম শান্ত মনে? মুনি সংক্ষেপে কহেন রাজাকে, “সকলে হাসিল কিনা, তাইতো আমিও হাসিতে লাগিনু অন্য কারণ বিনা।” ভাবিলেন রাজা মুনি নিশ্চয় কী এই হাসির কারণ তাহা না বুঝিয়া হাসিছেন আর আছেন শান্ত এমন। তাই কারণটি বুঝাইয়া দিতে কহিলেন, “মুনিবর, এই লোকজন হাসিল দেখিয়া বাঁকা তব কলেবর।”

মুনি কহিলেন, “তীর্থযাত্রা কালে সেই পথ ছাড়ি আসিয়াছিলাম হেথা আজ আমি আধ্যাত্মিকতারই কথা নানাজন মুখে শুনিবারে, আর হেথা সাধুজন আত্মা এবং ভগবান নিয়া, শুনিতে কী কথা কন। কিন্তু যখন প্রবেশিনু আমি রাজসভাগৃহ মাঝে, কেহই আত্মা না দেখি, দেখিল পঙ্গু এ দেহটা যে! এখনো আছেন আপনারা সবে দেহ চেতনায় ভুলি, ভাবিতেছিলাম তাই আমি হেথা আসি করিলাম ভুলই? তাই আমি হাসি,” শুনি রাজা মনে জোরালো আঘাত পেয়ে মুনির নিকটে সবাকার তরে লন স্বরা ক্ষমা চেয়ে।

এবার আসল প্রশ্ন জনক করিলেন মুনিবরে, যে প্রশ্নটি তাঁর মনেতে উদিত ঘুম ভাঙিবার পরে। কহিয়া তাঁহার স্বপ্ন ঘটনা জানিতে চাহেন রাজন, “কোন অবস্থা হইল সত্য, স্বপ্ন কি জাগা, কন?” কহিলেন মুনি, “দেখেছেন ভাবি দুইটি অবস্থাই মিথ্যা তা কভু, হে রাজা জনক ? দুইটিই অস্বাভাবিক? স্বপ্নে আপনি ছিলেন কিন্তু ছিল না সেথায় গিয়া জাগিয়া যা কিছু দেখিছেন আছে চারিধারে ছড়াইয়া। তেমনি এখন নাই সে অবস্থা স্বপ্ননেতে যাহা ছিল, কেবল আপনি আছেন যা খাঁটি, মিথ্যা বিশ্ব-নিখিল। অতএব এই আত্মাই সত্য, খাঁটি ও কেবল স্বাভাবিক; আর যাহা কিছু ঘুমে, জাগরণে আছে, তাহা ঠিক নাই। অষ্টাবক্র সরল কথায় তাঁহার ব্যাখ্যা দিতে সবাকার মনে রেখাপাত করে এই উত্তরটিতে।

অষ্টাবক্র মুনির নিকটে শিষ্যত্ব করিয়া গ্রহণ, আধ্যাত্মিকতার অনেক ভ্যক্ত জনক বুঝিয়া লন। প্রশ্নোত্তরের সেই আলোচনা “অষ্টাবক্র গীতা,” বা “অষ্টাবক্র সংহিতা” নামে হয় আজ পরিচিত।



Dipak Bagchi is a resident of California since 2003, and USA since 1971. Published primarily Bengali poems and prose articles in Puja and Bengali Conference magazines in the USA, and in “Udbodhan” magazine in Kolkata. Also, published a book on Gita in Bengali verse available from “Udbodhan” and other book stores.



একটুর জন্য

সুপ্রভ চক্রবর্তী

অফিস ফেরত বাসে বসে আছি, কানে এয়ারপ্লাগ। এলোমেলো সেটিং এ গান বাজছে। দেশে থাকতে, তখনকার দিনে ওয়াকম্যান এর এয়ারপ্লাগ কানে গুঁজতাম পারিপার্শ্বিক কোলাহল থেকে নিজেকে বিচ্ছিন্ন রাখতে, এখানে গুঁজি - বড় একা লাগা পরিবেশে নিজেকে গানের সঙ্গী করতে। সেদিন গান চললেও খুব একটা মন ছিল না গানে। অগোছালো ভাবনাগুলো মাথার মধ্যে খেলে যাচ্ছিল। যে ভাবনায় ছিল না কোন বিন্যাস। জাগতিক দুনিয়ায় আলোর চেয়ে বেশি গতি কারুর হতে পারে না - আইন্সটাইন বলে গেছেন। কিন্তু মনের গতি কী কেউ কখন মেপেছে? মাপলে হয়তো তা আলোর গতিকে ছাড়িয়ে যেত। কেমন না? মনটা তো জাগতিক দুনিয়ারই অংশ, মন আছে বলেই জাগতিক দুনিয়াটাকে অনুভাব করা যায়। কিন্তু সেই অর্থে মনের কোন জাগতিক অস্তিত্ব নেই। তাই সে ধরা ছোঁয়ার বাইরে। অনেকটা সেই সুকুমার রায়ের গেছো দাদার মতো।

এলোমেলো হাওয়ায় শুকনো পাতার মতো গানের কথাগুলো কানের পাশ দিয়ে উড়ে যাচ্ছিল। কোন কথাই মনে দাগ কাটছিল না। কিছুদিন আগে একটা ভিডিও দেখেছিলাম, তাতে বক্তা নারী ও পুরুষের মস্তিষ্কের তফাৎ বোঝাতে গিয়ে বলছিলেন - মানুষের মস্তিষ্ক ছোট ছোট অনেকগুলো ঘরে বিভক্ত। এক একটা ঘর এক একটা দায়িত্ব বহন করে। নারীদের ক্ষেত্রে প্রত্যেকটি ঘর প্রত্যেকটির সাথে অঙ্গাঙ্গী ভাবে যুক্ত। অন্যদিকে পুরুষদের ঘরগুলোর মধ্যে কোন যোগাযোগ নেই। তাই মালটি টাঙ্কিং এ পুরুষেরা পটু নয়। হয়তো সেই কারণে সংখ্যাভেদে দিক দিয়ে কম সংখ্যক পুরুষকে 'texting while driving' করতে দেখা যায়। সে যাই হোক, ওই ভদ্রলোক বললেন পুরুষের মস্তিষ্কে একটা ঘর এমন আছে যেখানে কিছুই নেই - 'null box'। পুরুষেরা সেই ঘরে মাঝে মাঝে ঢুকে যায়। বাসে বসে আমার অবস্থাটা



সেই null box এ ঢুকে যাওয়ার মতো। কিছুই করছি না, কিছুই ভাবছি না, কিছুই শুনছি না... হঠাৎ সুমনের একটা গানের কলি আমাকে এক ধাক্কায় সেই null box থেকে ছিটকে বের করে দিল - ‘একটুর জন্য চাকরিটা হল না ...’।

‘একটুর জন্য’ শব্দজোড়া কেন জানি বার বার কানে বাজতে লাগল। নিজের অজান্তে বেশ কয়েকবার আওড়ে ফেললাম। শব্দ দুটো সামান্য হলেও বেশ গভীরতা আছে। আলো-অন্ধকারকে তফাৎ করার মতো। শুরুতে মনের কথা বলছিলাম। মনের সাথে কত ঘনিষ্ঠতা এই শব্দ দুটোর। মন চাপা তো কাটে গঙ্গা বলে একটা কথা আছে না। শব্দ দুটো যেন মন চাপা করার টনিক। ‘একটুর জন্য চাকরিটা হল না’ - কথাটা দুঃখ, বিষণ্ণতার মধ্যেও যেন মন কে অভয় দেয় ‘আর দেবী নয়। এবার হয়ে যাওয়ার পালা।’ এটা তো ঘটনা, এই প্রতিযোগিতার যুগে, প্রার্থীদের মধ্যে হয়তো একচুলের ফারাক। কাউকে কি কখন বলতে শোনা গেছে - একটুর জন্যে চাকরিটা পেয়ে গেলাম। ‘একটুর জন্যে’ যেন ব্যর্থতারই সঙ্গী। একটুর জন্যে পাশ নম্বরটা পেলাম না, একটুর জন্যে ফার্স্ট ডিভিশনটা ফস্কে গেল। কতো ভুড়ি ভুড়ি উদাহরণ। সবেতেই একটা যেন না পাওয়ার বেদনা - কিন্তু সাথে কোথাও যেন লুকিয়ে আছে এক চিলতে আশার আলো।

আবার বলা হয় - একটুর জন্যে বেঁচে গেল। কই বলা হয় না তো - একটুর জন্যে মারা গেল। এখানে শব্দদুটোর প্রয়োগ আবার একটু অন্য রকম। বলা যেতে পারে উল্টোটা - এখানে রয়েছে আক্ষেপের সুর - হয়তো বেঁচে যেতে পারতো। আশা ভঙ্গের আক্ষেপ!

মানুষ আদতে আশাবাদী - আশা নিয়ে ঘর করি, আশায় পকেট ভরি। অপটিমিসম না থাকলে কী মানুষ সভ্যতাকে এগিয়ে নিয়ে যেতে পারত? ‘কাল কউন দেখা হয়’ - খুব পরিচিত ডায়ালগ হলেও, কালের দিকে তাকিয়েই আমাদের পথ চলা। ব্যর্থতাকে ব্রাউন পেপার ব্যাগে যত তাড়াতাড়ি ভরে ফেলা যায় ততই মঙ্গল। ‘একটুর জন্যে’ শব্দ দুটো যেন সেই ব্রাউন পেপার ব্যাগ। এখানে আবার সেই মনের খেলা -



মনে কাটা দাগ তো এতো সহজে মেটার নয়, তাই সেই দাগে মলমপটি - 'একই জন্ম'।



Subrata Chakraborty is a Cosmo-Physicist at UC, San Diego. He grew up in the foothills of the Himalayas. After completing his masters in Kolkata, he started migrating westward, at first to Ahmedabad to earn his Ph.D. and later to San Diego. He now serves as a Treasurer in Saikat EC. He loves the vastness of the ocean, but feels more connected to the mystic beauty of the mountains. To know more about him visit: <http://isotopes.ucsd.edu/~subrata/>.

COPY 2 COPY

Business Solutions

Corporate Accounts & Walk-Ins Welcome

- High Speed Copies
- Litigation Copies
- Bate Stamping
- Bindery
- Engineering Copies
- Large Color/B&W Scans
- Trade Show Materials
- Business Cards
- Color Copies
- Color Posters
- Mounting and Lamination
- Vinyl Banners & Signs
- Graphic Design Services
- Presentations, Reports & Manuals
- Electronic File Submissions/FTP
- Letterhead & Envelopes



OPEN 7 DAYS (858) 292-8100

www.copy2copy.com

Orders@copy2copy.com



**State of the Art Equipment
Knowledgeable & Friendly Staff
Corporate & Volume
Discounts**



MasterCard VISA 8975 Complex Drive, San Diego, CA 92123 Discover



সিনাইয়ের সূর্যোদয়

গৌতম সরকার

সিনাই পেনিনসুলার পথে যাত্রা

এত সুন্দর, এত মনোরম জায়গা আমি সত্যিই আর কোথাও দেখিনি। পাহাড় আর সমুদ্র পাশাপাশি। পাহাড়ের রং পাটকিলে, আর সমুদ্রের? অবশ্যই নীল। কিন্তু সূর্যের আলোয় সেই পাটকিলে আর নীল রঙের যে কত ‘রকম’ আর বাহার হয়, তা না দেখলে বিশ্বাস করা কঠিন। আর চারি দিকে শুধু বালি আর বালি। এতো বালিও ছিল এ পৃথিবীতে? তারই মাঝে এদিক-ওদিক কিছু ক্যাকটাস জাতীয় গুল্ম; গজিয়ে আছে খাপ-ছাড়া ভাবে। এখানে ওদের উপস্থিতিটা কেমন যেন অতিথির মতো। এমন দৃশ্য সচরাচর দেখা যায় না। দেখে মন ভরে গেল।

কিন্তু এখানে আসার আগে এইসবের কিছুই আমার জানা ছিল না। যে জন্যে সিনাই-পেনিনসুলায় এসেছিলাম, তা হল একটা ‘অসাধারণ সূর্যোদয়’ দেখা। আর তা দেখতে হলে সারা রাত ট্রেক করে উঠতে হবে মাউন্ট-সিনাই বা মাউন্ট-মোসেসের ওপর, যার কোলে আছে পৃথিবীর সবচেয়ে পুরনো চার্চ, ‘সেন্ট ক্যাথরিন’। এই পাহাড়ের ওপরেই নাকি মোসেস স্বয়ং ভগবানের কাছ থেকে “10 commandments” পেয়েছিলেন, যা কিনা পরবর্তী কালে হয়ে ওঠে খ্রিস্ট ধর্মের অ-আ-ক-থা। এইসব জটিল তথ্য হজম করার ক্ষমতা বা বুদ্ধিমত্তা, কোনটাই আমার নেই। যেটা ছিল, তা হল ঐ ‘অসাধারণ সূর্যোদয়’ দেখার একটা ইচ্ছা। ‘অসাধারণ’ এই কারণে, যে সূর্যটা নাকি পাহাড়ের তলা থেকে মাটি ফুঁড়ে উদয় হয়, পাহাড়ের ওপর দাঁড়ালে যা কি না মনে হয় যেন পায়ের তলা থেকে সূর্যোদয়।

দার্জিলিঙের ‘টাইগার হিল’ থেকে আলাস্কার ‘মাউন্ট ম্যাকিনলে’, কন্যাকুমারিকার ত্রি-সাগরের সঙ্গম থেকে সাউথ-আফ্রিকার ‘কেপ অফ গুড হোপ’, আমার মিনেসোটার বাড়ির কাছের গ্রেট-লেক ‘সুপিরিয়র’ থেকে বলিভিয়ার পৃথিবীর উচ্চতম-লেক ‘টিটিকাকা’, রাজস্থানের মরুভূমি থেকে আফ্রিকার সাহারা, অ্যারিজোনার ‘গ্র্যান্ড-



ক্যানিয়ন' থেকে অস্ট্রেলিয়ার 'উলুরু'-রক, এমনকি পেরুর অ্যামাজন জঙ্গলের 'মাচুপিচু'তেও সূর্যোদয় বা সূর্যাস্ত দেখার সৌভাগ্য হয়েছে আমার; কিন্তু তাই বলে পাথের তলা থেকে মাটি ফুঁড়ে? নাঃ, তেমনটা আগে কখনো শুনিনি। এইসব শুনেটুনে ঐ 'ইচ্ছা'টা মনে একেবারে জাঁকিয়ে বসলো, লোভটা আর সামলাতে পারলাম না। আর যাই হোক, এটা দেখতে গেলে আমাকে ভগবান বা ধর্ম বোঝার মতো কোন অসাধারণ ক্ষমতার অধিকারী হতে হবে না! তাই ঠিক করে ফেললাম, যে এটা না দেখে আমি মিশর-দেশ ছেড়ে নড়ছি না। কিন্তু আমি ঠিক করলেই বা কি? সেখানে যাব কি করে? রাস্তা ঘাটই যে তেমন নেই; যা আছে তা অতি নগণ্য, আর তারও বেশীরভাগই নাকি বন্ধ। কেন না কেউই যে সেদিকে যেতে চায় না। ওদিকে নাকি পদে পদে বিপদ, যুদ্ধ সংক্রান্ত। আশেপাশের সব দেশই নাকি দাবি করে যে সিনাই-পেনিনসুলা তাদের, আর তাই নিয়েই যত খেয়োখেয়ি! অনেক কষ্টে একজনকে জোগাড় করা গেল, একটা 'প্রাইভেট' গাড়িতে করে আমাকে নিয়ে যাবার জন্য। কিন্তু মুশকিল হল ভাষা সমস্যা; আমার কাছে আরবি যা, ওঁর কাছে ইংরিজিও ঠিক তাই! তাই হাত-পা নাড়ানোই হয়ে দাঁড়াল বোঝাবুঝির একমাত্র মাধ্যম। ঠিক আছে, তাইই সই।

একদিন ভোরে বেড়িয়ে পড়লাম। প্ল্যান-টা ছিল মোটামুটি এই যে কায়রো থেকে সুয়েজ হয়ে, 'গাল্ফ অফ সুয়েজ' বরাবর দক্ষিণে যাওয়া, আর সেই একই পথে ফেরত আসা। দুপুর ১২-টা নাগাদ সেন্ট ক্যাথরিন পৌঁছান গেল। এই চার্চে নাকি আমার মতো অপবিত্র নাস্তিকের ঢোকা বারণ। কিন্তু আমি যে অপবিত্র তাই বা জানছে কে? ভাবলাম এত দূর যখন এসেছি, ঢুকেই পড়ি না একবার, কিই বা আর হবে? দেখেই নি না, কি এমন জিনিস আছে এর ভেতরে, যা নিয়ে কিনা মুসলমান, খ্রিস্টান আর ইহুদীদের মধ্যে এত লাঠালার্ঠি, এত খিটকেল। তাছাড়া পয়সা উসুল করারও তো একটা ব্যাপার আছে, এতো খরচ-খরচা কোরে এলাম এ্যাদুর ...! কিন্তু ঐ যে বিবেক বলে কি যেন একটা আছে না? তার জোরাজুরির কাছেই হেরে গেলাম! কেন জানি না মনে হল যে, আমি এই গির্জায় ঢুকলে বাড়ি বয়ে এসে জোর করে কাউকে অসন্মান করা হবে। তা আমি পারবো না। তাই বাইরে থেকেই দেখলাম। বেশ দেখতে।

আমেরিকার মতো বড়, নতুন আর 'দ্রুত' কোন দেশে থাকলে যা হয়; ৫০০ মাইল কোন দূরত্বই নয় কিন্তু ৫০০ বছর অনেক দিন! তাই দুই হাজার বছরের পুরনো কিছু একটা দেখছি, ভেবে মনে কেমন যেন একটা রোমাঞ্চ আর শিহরণ হলো। কিন্তু ব্যাস,



ঐটুকুই। স্পিরিচুয়াল কিছুই অনুভব করলাম না। মনে মনে একটু হাসলাম, কোন 'স্পিরিট' থাকলে তবে না 'স্পিরিচুয়াল' কিছু অনুভব করা যায়, আমার যে এইসবের 'কিসুই' নেই! উল্টোদিকে ছোটো একটা টিলার ওপরে একদল খ্রিস্টান লোককে কোন একটা প্রার্থনায় মগ্ন দেখলাম। ওরা যেইসব মন্ত্র আউড়াচ্ছিল, তার মধ্যে কেমন যেন একটা শান্তির বার্তা ছিল। ঠিক যেমনটা হয়; যখন সংস্কৃত মন্ত্র বা স্তোত্র 'তেমন' করে, কেউ তেমছোটবেলায় মহালয়া শুনে ঘুম থেকে ওঠার কথা মনে পড়ে গেল, বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের সে কি অসামান্য দক্ষতায় স্তোত্র পাঠ! ভেবেই গায়ে কাঁটা দিল। ওঁদের দু-এক জনের পরনে সাদা আলখাল্লার মতো কিছু একটা মনে হল, হয়তো ওঁরাই পুরোহিত। ওঁদের সাথে গিয়ে আলাপ কোরতে ইচ্ছে করলো, তারপর ভাবলাম যে না থাক, ওঁদের প্রার্থনা ভঙ্গ করবো না, আমি তো আর সে ক্ষমতার অধিকারী হতে পারলাম না, ওঁদের পথেই বা বাধা হব কেন?

এদিক ওদিক ফ্যা ফ্যা কোরে ঘুরে বেড়ালাম বেশ খানিকক্ষণ। ভাবছিলাম ভগবান বেচারিকে নিয়ে এত মারামারি কেন? নাকি মারামারিটা আসলে জমি দখলের, এই সিনাই-পেনিনসুলার দখল নেবার মতো? আমার তিন মেয়ের কথা মনে পড়ে গেল। আচ্ছা, ওরা যদি কোনদিন আমাকে নিয়ে মারামারি শুরু করে দেয়, তাহলে আমি কোন দিকে যাব? বেচারি ভগবান, ওঁর যে কি নিদারুণ অবস্থা! ওনার তো নিজেরই অশান্তির শেষ নেই, আর তাঁর কাছেই কিনা লোকে শান্তি ভিক্ষা করে? একটা আরব বেদুয়িনকেও দেখলাম, উটের পিঠে চেপে যাচ্ছে। রোদে চটা, কালচে-তামাটে গায়ের রং, আর হাড় গিলগিলে, রুক্ষ চেহারা; খেতে পায় না বোধহয়। গায়ে শতছিন্ন জামাকাপড়। দেখে মনে হয় বছর কয়েক স্নান করেনি ও, এদিকে জলই বা পাবে কোথায়? পায়ে দেখলাম ছোপ ছোপ মেরে সাদা খড়ি উঠেছে, গায়েও নিশ্চই বোঁটকা গন্ধ। ওর উটের পিঠেও একটা শতছিন্ন শতরঞ্জির মতো কিছু একটা, ঠাণ্ডা থেকে বাঁচার জন্যই বোধহয়। দেখে মায়া হল। সাথে তেমন কিছু নেইও যে ওদের দেব। আচ্ছা, ওর কি বউ আছে? ছেলে, মেয়ে? তারা কি খেতে পায়? সুখ যে নেই, তা তো দেখাই যাচ্ছে, কিন্তু শান্তি? সেটা কি আমার থেকে ওরই বেশী? সামনে একটা কুঁড়েঘর আর তাঁবুর মাঝামাঝি কিছু একটা দেখা গেল। ওরই হবে বোধহয়। ওখানেই কি ওর শান্তির সংসার?



এদিক-ওদিক, ছড়িয়ে-ছিটিয়ে আরও কিছু উট, গুল্ম চিবিয়ে জিরোচ্ছে।
ওদের চেহারাতেও কেমন যেন ‘শান্তি’। দেখে মনে হল যে এই দুনিয়ায় কি ঘটছে,
না ঘটছে, তাতে ওদের বয়েই গেলো। এই ‘আপাত অশান্ত’ সিনাই-পেনিনসুলায়
ভরপুর শান্তি খুঁজে পেলাম ‘এই আমি’! প্রাণটা জুড়িয়ে গেল। ঐ ‘শান্তি’ দিয়েই
আমার বুকটাকে ভেঁদে নেওয়ার চেষ্টা করছিলাম, আবার কবে যে সুযোগ হবে!
কিন্তু সেখানেও বিপত্তি।

মাউন্ট সিনাইয়ের পথে

গাড়ির ড্রাইভার এসে তাগাদা লাগালো, জানালো যে এবার মাউন্ট সিনাই
রওনা না হলেই নয়। নয়তো ওখানে আর সময় মতো পৌঁছানো যাবে না। কারণ
মনুষ্য সভ্যতা নাকি এখানেই শেষ! আমি যখন সারা রাত ট্রেক করবো; ওঁকে যে
আবার এদিকেই ফেরত আসতে হবে রাত কাটাতে। আচ্ছা, শান্তি খুঁজে পাওয়াটা কি
এতই দুষ্কর? যদি বা এখানে একটু সুযোগ হল...! কি আর করা? বেরিয়ে
পোরলাম।

সন্ধ্যের আগেই পৌঁছে গেলাম মাউন্ট সিনাই। মনে মনে একটু ভয়ই
পাচ্ছিলাম, পারবো তো? Driver তো আমায় পাহারের কোলে ফেলে রেখে কেটে
পড়বে, তারপর? কিন্তু ওখানে গিয়ে বেশ কিছু ইউরোপিয়ানদের দেখে ধড়ে যেন
একটু প্রাণ এল! তারা দেখলাম সব একেবারে বিলকুল তৈরী, ট্রেকিং-এর সাজ-
সরঞ্জাম নিয়ে। আর আমি? সাথে শুধু একটা জলের বোতল! ঐ যে বলে না,
বাস্তালীদের কিসসু হবে না! আমিই তার হাতে-গরম উদাহরণ। এখানে নাকি এখন
সব জিরোচ্ছে, খানাপিনা চলছে বেশ ভালো রকম। আমি কি করি, কি করি
ভাবতে ভাবতেই বিরক্ত হয়ে গেলাম। কিন্তু একা একা যে এগিয়ে যাবো, এখন সব
জিরোচ্ছে, খানাপিনা চলছে বেশ ভালো রকম। আমি কি করি, কি করি ভাবতে
ভাবতেই বিরক্ত হয়ে গেলাম। কিন্তু একা একা যে এগিয়ে যাবো, তার সাহসও নেই
বুকে। এখানে এসেছি তো একাই, কিন্তু তারপর থেকে এই একাকীত্বের ভয়টা



কেমন যেন গ্রাস করতে শুরু করেছে আমায়। ওই বিদেশীদের সাথে কথাবার্তা বলে যা বুঝলাম তা হল ওরা রাত ১১-টা নাগাদ ট্রেকিং শুরু করবে, ওপরে পৌঁছাতে পৌঁছাতে রাত ৪-। তার বেশী দেবী করা যাবে না, কারণ ভোরের আলো ফুটেতে শুরু করে দেবে। এইসবের কিছুই আমার জানা ছিল না। কেবল জানতাম যে সকাল ৯-টার মধ্যেই আমায় নেমে আসতে হবে, কারণ ড্রাইভার আমার জন্য অপেক্ষা করে থাকবে। শুনে সকলে বলল যে ওটা নাকি কোন ব্যাপারই না, সূর্যোদয় ৬-টার মধ্যেই শেষ, তারপর নামতে ঘন্টা আড়াই, তিনের বেশী লাগবে না। মনে মনে ঠিক করে নিলাম যে এঁদের সাথেই উঠবো।

রাত ১১-টা নাগাদ ওপরে ওঠা শুরু হল। খুব সুন্দর চাঁদ উঠেছে, রূপসী-কিশোরী যেন। ওর রূপের ছটায় চারিদিক রূপোলী, চিক চিক করে চলকে পড়ছে সেই রূপ। সেই উপচে পরা রূপের আলায় পথ দেখে, আর মনে মনে আমাদের সকলের প্রিয় 'সলিলদা'র "আমরা সবাই মিলে সূর্য দেখব বলে" গানটা গাইতে গাইতে যখন ওপরে গিয়ে পৌঁছালাম, ততক্ষণে চাঁদ অনন্ত যৌবনা, আর এই চল্লিশোর্ধ আমি জিভ বেরিয়ে চিতপটাং। ওপরে বেশ ঠাণ্ডা, কিন্তু ঐ ঠাণ্ডাটাকেই বুকে জড়িয়ে ধরতে ইচ্ছা করলো। কাছে, আবার কত দূরেও! তার এমন তীর রূপ, যে সেদিকে চোখ ফেরানো যায় না, তাই তা ভাষায় প্রকাশ করা অসম্ভব। জমায়েত লোকজনদের মধ্যে একটা হুল্লোড় উঠল, তারপর সবাই চুপ। একটা নিস্তব্ধতা গ্রাস করে নিলো সকলকে। আমার নড়াচড়া করার ক্ষমতাটাই হারিয়ে গেল বেশ কিছুক্ষণের জন্য। তারই মধ্যে কিছু ছবি তোলা, আর দু-এক মিনিটের একটা ভিডিও রেকর্ড করা। এরপর নামার পালা। নামতে গিয়ে কত কিছুই মনে এলো, এই পৃথিবীটা কত সুন্দর, আমরা শুধু শুধু কেন যে এত ঝগড়া-মারামারি করি, এই সব। মাথায় একটা চিন্তা ছিলই, যদি গাড়িটা সময়মত না আসে, কিম্বা একেবারেই না আসে? মিশরীয়দের সময়জ্ঞান ভারতীয়দের মতোই। আগে হলে তা নিয়ে মাথা ঘামাতাম না। কিন্তু অনেকদিন আমেরিকায় থাকার পর তফাতটা চোখে পড়ে। চিন্তাটা নিচে নামার সময় তাই মাথায় বেশ ভালোরকমই ঘুরপাক খাচ্ছিল। কিন্তু নিচে নেমে দেখি আমার গাড়ি উপস্থিত, তাতে



টুকেই গা-টা এলিয়ে দিলাম। কখন যে ঘুমিয়ে পড়েছিলাম তা জানি না, কতক্ষণ যে ঐ ভাবে কেটেছে তাও জানি না। একটা হৈ-হল্লায় ঘুমটা ভেঙ্গে গেল। দেখি আমার গাড়ি ঘিরে বেশ কিছু লোকজন। তাদের হাতে বন্দুক, মাথায় পাগড়ী, মুখের বেশীরভাগটাই ঢাকা, পরনে মিশরীয় ‘গালেবেয়া’। ভয়ে রক্ত একেবারে হিম হয়ে গেল। এরা কি একেবারে মেরেই ফেলবে নাকি? মেয়ে তিনটির মুখগুলো চোখের সামনে ভেসে উঠল, তারপর সব কিছুই কেমন যেন ঝাপসা। ঘুমের ঘোরে কোন স্বপ্ন দেখছি না তো? দেখি ওরা আমার ড্রাইভারটাকে গাড়ি থেকে টেনে নামাচ্ছে। তারপরই বন্দুকধারী একজন গাড়িতে উঠে এল, আর তন্ন তন্ন করে গাড়ির ভেতরটার তল্লাসি নিল। তারপর আমাকেও নামতে হুমকি দিল। ভয়ে জড়সড় হয়ে, থর থর কোরে কাঁপতে কাঁপতে আমি নামলাম। আমার কাছে কিছু একটা চাইল। আমার ড্রাইভার আমাকে বোঝাল যে ওরা আমার আই. ডি.

চাইছে। আমার পাসপোর্টটা একটা গোপন জায়গা থেকে বার করে ওদের দেখালাম। তখন ওরা আমার দিকে গভীর পলকে তাকিয়ে থেকে, নিজেদের মধ্যে কি সব বলাবলি করতে করতে, পাশের একটা ছেঁড়াখোঁড়া তাঁবুতে ঢুকে গেল। আমার পাসপোর্টটা নিয়েই। তার আগে আমাকে কি সব বলে শাসিয়ে গেলো, যার অর্থ একটাই হয় যে; আমি যদি এক পাও নড়ি, তো আমার জান খতম।

কিন্তু নড়ে যাবই বা কোথায়? পাসপোর্ট ছাড়া? বেশ কিছুক্ষণ পর ওরা ফিরে এলো, আমার পাসপোর্টটা হাতে নিয়ে। ধড়ে যেন প্রাণ ফিরে পেলাম। কিন্তু পাসপোর্টটা ফেরত দিলো না। উল্টে বললো যে জামা-কাপড়-জুতো-মোজা সব খোলো। খুললাম। জামা-প্যান্টের পকেটগুলো ভালো কোরে সার্চ করলো, জুতো জোড়াও। তারপর বলল যে যেটা বাকি আছে, সেটাও খুলতে হবে, অর্থাৎ আমার জাঙিয়াটা! আমি ভাবলাম, কি বিপদ, এটা আবার কেন? ইতঃস্বত করতে লাগলাম। কিন্তু ওদের আরবি হস্তিতন্ত্রি থেকে যা বুঝলাম তা হলো “অত সহজে চিঁড়ে ভিজবে না চাঁদু, তুমি ওখান থেকেই তোমার পাসপোর্টটা বার করেছো,



সুতরাং ওখানে আরও কি কি লুকানো আছে তা আমরা দেখতে চাই”। আমার ড্রাইভারের দিকে আকৃতি নিয়ে একবার তাকালাম, যে তুমি অন্তত এদের ভাষাটা জানো, কিছু একটা করো। কিন্তু ওঁর চোখের ইশারায় যা বুঝলাম তা হল যে, ওরা যা যা বলছে আমার তাই করাই শ্রেয়। নিজেকে বোঝানোর চেষ্টা করলাম যে এ আর এমন কি? জিমে সাঁতার কেটে বা র্যাকেট-বল খেলে উঠে এমন তো প্রায় প্রতি সপ্তাহেই পুরুষদের লকার-রুমে সকলের সাথে উদ্যোগ হয়ে স্নান করি, দাড়ি কামাই। আমেরিকায় এমনটাই তো করে আসছি ইউনিভার্সিটিতে পড়তে যাওয়া ইস্তক! ওখানে তো এটাই রেওয়াজ। সুতরাং এতে আর ঘাবড়ানোর কি আছে?

বুঝতে পারলাম যে আমার এই আমেরিকান পাসপোর্টটাই এই মুহূর্তে আমার যত বিপত্তির কারণ। তাই ওদের বোঝানোর চেষ্টা করলাম যে আমি আদতে ভারতীয়। কায়রো আর মিশরের অন্যান্য বেশ কিছু জায়গায় দিন কয়েক আগেই ঘোরার সুবাদে জানতাম যে এই মিশরীয়রা আমাদের বলিউডের ছবির খুব ভক্ত, টিভিতে এখানে সারাদিনই হিন্দি ছবি দেখানো হয়; আরবি-‘সাবটাইটেল’ বা ‘ডাবিং’ সমেত। তাছাড়া পৃথিবীর বিভিন্ন প্রান্তে ঘুরে আমার এই ধারণাই হয়েছে যে, ভারতীয়দের ওপর বিশেষ কারো তেমন কোন রাগ নেই, এমনকি চীনাদেরও নয়; যদিও এখনো আমার পাকিস্তান ভ্রমণের সৌভাগ্য হয়নি। বরং, আমাদের সম্পর্কে অনেকেরই ‘শান্ত-শিষ্ট-ল্যাজ-বিশিষ্ট’ এই ধরনের একটা ধারণা আছে। তাই আমার ভারতীয়ত্ব বোঝাতে বলিউডের চিত্র তারকাদের নাম করে আবোল-তাবোল বোকতে শুরু করলাম। হয় তাতেই কাজ হল, নতুবা আমাকে ওদের এক বন্ধ-উন্মাদ বলে মনে হল; আমার ওপর ওদের সন্দেহটাই বোধহয় চলে গেল। আমার আর জাঙিয়া খোলার দরকারই হল না! পাসপোর্টটা ফেরত দিয়ে, পিঠে একটা চাপড় মেরে এক বন্দুকধারী বলল জামা-প্যান্ট পরে নিতে। চটপট তাই করলাম।

ওরা আমার ড্রাইভারের সাথে কি যেন একটা পরামর্শ করল, আমার সামনেই। ড্রাইভার গাড়িতে ঢুকে, সাথে যে ম্যাপ নিয়ে গেছিলাম, তার ওপর আঙুল দিয়ে দিয়ে আমাকে বোঝাল যে আমরা যে রাস্তা দিয়ে আগের দিন এসেছিলাম, তা বন্ধ হয়ে গেছে, অন্য ঘুর-পথে ফিরতে হবে। শুধু তাই নয়, আমরা যাতে ওদের সাথে কোনরকম ছলা-কলা করে অন্য কোনো দিকে চলে না যাই, তার জন্য ওরা ওদের



লোক পাঠাচ্ছে একটা যুদ্ধ-জীপে, ওরা সামনে সামনে পথ দেখিয়ে নিয়ে যাবে, আর আমরা শুধু সেই পথেই ওদের অনুসরণ করে যেতে পারব, নচেৎ নয়। আর বেশী বেগড়বাই করলেই, ডিসুম; কেউ আমাদের টিকিটিও খুঁজে পাবে না!

সব কিছুতেই রাজি হলাম। কিন্তু তাতেও রক্ষা নেই। একজন এসে হুমকি দিল যে আমার ক্যামেরাটা এখানে রেখে যেতে হবে। সে কি? তা কি করে সম্ভব? আমার যে মিশরের অনেক জায়গাই ঘোরা বাকি এখনো! ক্যামেরা ছাড়া চলবে কি করে? আমার এত সাধের মাউন্ট সিনাইয়ের সূর্যোদয়ের ছবিগুলোও তো এরই ভেতর! কাকুতি মিনতি করলাম। কোন লাভ হল না। ওদের কথা হল যে ওরা চায় না যে আমি এখানকার রাস্তাঘাট, চেকপোস্টের ছবি তুলি বা সেইসব ছবি এখানকার বাইরে যাক। আমি বললাম ঠিক আছে, তাই সই। কথা দিলাম যে আমি এই তল্লাটের আর কোন ছবি তুলব না, আর তোলা ছবিগুলোর মধ্যে আপত্তিকরগুলো ওদের সামনেই মুছে দিচ্ছি।

ওরা বলল ঐ যে সামনে জীপে আমাদের লোক তোমাদের পথ দেখিয়ে নিয়ে যাবার জন্য অপেক্ষা করছে, ওরা কি তোমার মামা? যে তোমায় ছবি মোছার জন্য সময় দেবে? আমার দেওয়া কথার ভিত্তিতে যদিও বা ক্যামেরাটাতে ছাড় দেওয়া যায়, ওর ভেতরের ছবি সমেত মেমোরি-কার্ডটা কিছুতেই ওরা এখান থেকে বেরতে দেবে না। কি করব? ঐ কার্ডটাতেই রফা করলাম, ওটা বার করে ওদের দিয়ে দিলাম। যে সূর্যোদয়ের বর্ণনা ভাষায় প্রকাশ সম্ভব নয়; সেই সূর্যোদয়ের ছবিগুলো সমেত, সেই সূর্যোদয়ের একটা ভিডিও সমেত! বুকটা ফেটে গেল। তারপরও রেহাই নেই। ওরা জিগ্যেস করল যে সাথে আর কটা কার্ড আছে? সেখানে এখানকার রাস্তাঘাট বা চেকপোস্টের ছবি তোলা আছে কিনা, ইত্যাদি। মোদ্দা কথা যা বুঝলাম তা হল এই যে, ভালোয় ভালোয় এরা শুধু আমার প্রাণটা নিয়েই এখান থেকে আমায় ফেরত যেতে দেবে, অন্য কিছু নিয়ে নয়। বাকি কার্ডগুলোও দেখালাম, ওরা বুঝল যে ওগুলো খালি। তারপর শুরু হল সামনের ঐ জীপটাকে অনুসরণ করা। মনে প্রাণের ভয়, কিন্তু চারিপাশের দৃশ্য দেখে একেবারে



মুগ্ধ হয়ে গেলাম। সিনাই-পেনিনসুলার সে কী অপরূপ রূপ, যা দেখে কিনা একটা প্রাণ-ভয়ে ভীত মানুষও মুগ্ধ হয়ে যেতে পারে। অবাক চোখে চারিদিক দেখছিলাম।

বিভিন্ন চেকপোস্টের ভেতর দিয়ে যেতে হচ্ছিলো। মাঝে একবার মনে হল যে আদৌ ঠিকঠাক যাচ্ছি তো? নাকি এই সবই আমাকে ভাগিয়ে কিছু ডলার কামাবার ষড়যন্ত্র? কে জানে, আমাকে হয়ত এরা কোনো 'মাল'-দার পার্টি ঠাউরেছে! আর আমি 'মাল'-দার না হলেই বা কি? আমার দেশ আমেরিকা তো বটে! একটা দম বন্ধ করা ভয় চেপে বসতে শুরু করলো বুকো। আর ঠিক তখনই একটা মতলব এলো মাথায়। আমার যদি কিছু একটা হয়ে যায়, তাহলে একটা কিছু অন্তত রেখে যাই আমার মেয়েগুলোর জন্য, যাতে ওদের জানার একটা ক্ষীণ সম্ভাবনা থাকে যে ওদের বাবা কোথায় বেঘোরে প্রাণটা দিয়েছে।

যেই ভাবা, অমনি কাজ। ক্যামেরায় একটা কার্ড ভরে তাতে আমার একটা ছবি তুললাম, একটা মোক্ষম 'সেল্ফি'! সাথে আমার ড্রাইভারেরও একটা ছবি। একটা ভিডিও রেকর্ড করলাম, কি অবস্থার মধ্যে পরেছি তার একটা ছোট বর্ণনা দিয়ে। তারপর সেই কার্ডটা ক্যামেরা থেকে বার কোরে পাক মেরে ছুঁড়ে ফেলে দিলাম গাড়ির বাইরে। ভালো কেউ যদি এটা কুড়িয়ে পায়, এই আশায়! হঠাৎ সামনের জীপটা দাঁড়িয়ে পরলো, সেই অনুযায়ী আমরাও। আর ঠিক তখনই আমার খেয়াল হল যে আমি এই মাত্র ওদেরকে দেওয়া কথার খেলাপ করেছি, এই তল্লাটের কোনো ছবি তুলব না বলেও তার ছবি তুলেছি। আমার আত্মারাম খাঁচাছাড়া। ভাবলাম এই রে, ওরা নিশ্চয়ই দূরবীন দিয়ে আমার ছবি তোলা বা কিছু একটা ছুঁড়ে ফেলার কীর্তিকলাপ দেখেছে; এবার তার জবাব চাইবে। আমি কি জবাবদিহি করবো? এখন কি করি?

জীপ থেকে দুজন বন্দুকধারী নেমে পেছনে আমাদের গাড়িটার দিকে আসতে লাগল। আমি শুধু আমার হার্টবিটগুলোই শুনতে পারছিলাম। ওরা এসে জানাল যে আমরা একটা জাংসনে এসে পড়েছি। ওরা আর আমাদের পথ দেখাবে না। আমরা ডান দিকের রাস্তা ধরলে ঘুরপথে সুয়েজ হয়ে কায়রো পৌঁছে যাব। আর কোনরকম



বেয়াদবি করে বাঁ দিকে যাবার পাঁয়তারা কষলেই, টিসুম; এই বালির গহ্বরেই সব শেষ! ওরা ওদের জীপে ফেরত গিয়ে ঠায় বসে রইলো, আমরা কোন রাস্তা ধরি তা দেখার জন্য। আমরা ডান দিকের রাস্তা ধরে মানে মানে কেটে পড়লাম। আমার হৃৎপিণ্ডের ধুকপুকুনিটা আমাদের গাড়ির ইঞ্জিনটার থেকেও বেশী জোরে ছুটছিল, আরও বেশী জোরে শব্দ করে যেন। বেশ কিছুক্ষণ ঐ ভাবে যাবার পর, কায়রোর দিকে যাবার একটা ‘সাইন’ চোখে পরলো। ধড়ে প্রাণ ফিরে পেলাম, আবার। তারপরই বিশ্বাস করতে শুরু করলাম যে এ যাত্রায় বোধহয় আর প্রাণের ভয় নেই! খানিকক্ষণ পরে খেয়াল হল যে আমার গায়ের জামাটা ভিজে চুবুর, সপসপ করছে ঘামে! সাথে একটা অনুভূতিও হল; ঐ ঘাম দিয়ে স্বর ছাড়ার পর যেমন হয়, অনেকটা সেইরকম।



এই প্রতিবেদক, গৌতম সরকার, বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্রের মিনেসোটার বাসিন্দা। এটি ফেব্রুয়ারি, ২০১২ সালে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা।




আমার দেখা Gangtok

দীপক দত্ত

আমি ও আমার স্ত্রী, বীথি, পুজোতে কোথাও বেড়াতে যাব বলে ঠিক করলাম। সেইমত আমরা বেড়িয়ে পড়লাম, যাব Gangtok। Gangtok হিমালয়ের উপরের অবস্থিত, সিকিমের রাজধানী। পুরো রাজ্যটাই পাহাড়ি। বহুকাল ধরে ভারতের আশ্রিত রাজ্য ছিল সিকিম। ১৯৭৫ এ সিকিমের ভারত ভুক্তি। ভারতীয়দের ২২ তম রাজ্য।

কোলকাতা থেকে রওনা হয়ে আমরা জলপাইগুড়ি এসে, বীথির বৌদিকে নিয়ে Gangtok রওনা হলাম। শিলিগুড়ি পৌঁছে আমরা ট্রাভেল এজেন্সীর লোককে কন্ট্যাক্ট করতে সে আমাদের সিকিম সরকারের পারমিটওয়ালা একটা গাড়ি ঠিক করে দিলো। Indo-China বর্ডার কাছে হওয়ায় সিকিম



সরকারের গাড়ির পারমিট ছাড়া অন্য গাড়ি প্রবেশ নিষেধ। আমরা সকাল ১১ টাতে গাড়ি করে রওনা হলাম। দূরত্ব ১২০ কিলোমিটার। রাস্তা চওড়া, মোটামুটি ভালো। চারিদিকে পাহাড়, ঘন জঙ্গল, ঝর্ণার জল - মুগ্ধ করা দৃশ্য। দুপুরে রাস্তার রেস্টুরেন্টে খাবার খেয়ে দুই ঘন্টা পর Gangtok হোটেল পৌঁছলাম। দেখি সিকিমিজ, গোখালী, ইংরেজি ও হিন্দি ভাষার চল আছে। রাতের অন্ধকারের পটভূমিতে আলোক উজ্জ্বল Gangtok দেখে মনে হলো যেন দীপাবলির রাত, আর শহরের বাড়ী গুলোকে দেখে মনে হয় ঠিক যেন বুলনের খেলনা ।

Indo-China বর্ডার কাছে হওয়াতে, পরদিন হোটেল থেকে ওরাই আমাদের ও গাড়ির পারমিট করে দিলো। বেলা ১২টাতে Yumthang যাবার জন্য রওনা হলাম, ভায়া লাচুং। দূরত্ব ১২৩ কিলোমিটার। পাহাড়ী রাস্তা চারিদিকে গাছপালা, ফুলের বন, ঝর্ণা - চোখ জুড়িয়ে যায়। পথে খাবার খেয়ে আমাদের গাড়ি রওনা দিল, Ban Jhakri



Falls দেখতে গেলাম। খুব সুন্দর প্রাকৃতিক দৃশ্য। সন্ধ্যায় লাচুং এ পৌঁছাবার পর ভালে ঠান্ডা লাগতে শুরু করলো। লাচুং পৌঁছাবার আগে একটা রাস্তা লাচেন বলে অন্য জায়গায় বেঁকে গেছে, সেখানে Gurudamba নামে এক ধর্মীয় লেক আছে।

লাচুং কথাটার মানে বিগ পাস, এটি একটা উপত্যকা। ২৭৩৪ মি. উঁচু, প্রায় ৮০০ লোকের বাস। দোকান পাট প্রায় নেই বললেই চলে। প্যাকেজ ট্যুরে রাতে থাকার ব্যবস্থা আছে। ইন্ডিয়ান আর্মি জোন শুরু। ১৫ কিলোমিটার পশ্চিমে তিব্বত। হিমালয়ের সুইজারল্যান্ড, ছবি তোলার এক আইডিয়াল জায়গা। ভূটিয়াদের বাস, জীবন ধারায় তিব্বতীয় সংস্কৃতি।

পরদিন সকালে লাচুং থেকে Yumthang রওনা হলাম। সারা পথের চারিদিকে শুধু পাহাড়, ঘন জঙ্গল। কিন্তু রাস্তা খুব খারাপ, তার উপর ‘১১ এর ভূমিকম্প ধ্বংসাবশেষ চোখে পড়ার মতন। বড় বড় পাথরের চাঁই যত্র তত্র পড়ে আছে। বাড়ী ঘর ভেঙ্গে গিয়েছে। যেহেতু মিলিটারি জোন, পথে অনেক বাস্কার দেখতে পেলাম। প্রত্যেক বাস্কারে নাস্তার দেওয়া। পাশ দিয়ে শান্ত তিস্তা নদী বয়ে চলেছে, এই নদীই চলার পথে বিভিন্ন ঝর্ণা মিশে প্রবল আকার ধারণ করে। দেড় ঘন্টা পর Yumthang পৌঁছলাম। হিমালয়ের উপর সৌন্দর্যে ভরা প্রকৃতির স্বর্গলোক। চারপাশ ঘিরে তুষারশৃঙ্গ, উচ্ছল জলপ্রপাত, উষ্ণ প্রস্রবণ - সব মিলে অনবদ্য। ১১,৮০০ ফুট উঁচু, পাইন ফুলে ভরা Yumthang সিকিম ভ্রমণের অন্যতম আকর্ষণ। ফুলের কার্পেট মোরা সারা উপত্যকা। তিব্বত এখান থেকে ১০ কি.মি দূরে, চীন সীমান্ত। আমরা এখানে ব্রেকফাস্ট করে Zero Point এর উদ্দেশে রওনা হলাম।

ঈশ্বরের ফুলে ভরা বাগান ও বিভিন্ন রংএর পাতার গাছ দেখতে দেখতে Zero Point এসে পৌঁছলাম। উচ্চতা ১৭,৮০০ ফুট। যেখানে গাড়ী পার্ক করলো সেটা ছোট একটা সমতল ভূমি। কাঞ্চনজঙ্ঘা বরফে আচ্ছন্ন হয়ে সূর্যের আলোতে যেন হাসছে। সে এক অভূতপূর্ব দৃশ্য। মনে হয় একটু হাত বাড়ালেই যেন কাঞ্চনজঙ্ঘা ছোঁয়া যায়। খুব হাওয়া, কিন্তু অক্সিজেন এর অভাব, দমের কষ্ট হয়। অনেক ছবি তুললাম।



এখান থেকে তিস্তা নদীর উৎপত্তি। সামান্য জল আর বরফ মিলে ঐকে বেঁকে চলেছে। পরে ঝরনার প্রভাবে নদী বিরাট আকারে মাতাল হয়ে ওঠে। পাশেই চীন, অন্য প্রান্তে তিব্বত। ভারতের শেষ প্রান্ত।

ফিরে এলাম Gangtok। ৫৫০০ ফুট উচু, এক ঝকঝকে পাহাড়ি শহর। গোটা শহরটাই কাঞ্চনজঙ্ঘা দিয়ে ঘেরা। বিখ্যাত



Monastery, Hotel, Restaurant, Mall, Cyber cafe, সাজানো MG Marg, শহরের প্রাণ কেন্দ্র। এ শহরে রাস্তায় খুতু, প্লাস্টিক প্যাকেট ফেলা, সিগারেট খাওয়া নিষিদ্ধ।

সিকিমের উল্লেখযোগ্য বেড়ানোর জায়গা হলো Gangtok, রাবংলা, পোলিং বোরং ও ইয়কসাম। বেড়ানোর ভালো সময় এপ্রিল থেকে অক্টোবর। এপ্রিল আর মে মাসে ফুল ফুটে সিকিমকে রমনীয় করে তোলে। অক্টোবরেও নতুন করে ফুল ফোটে। কাছ থেকে বরফ দেখতে হলে যেতে হবে Yumthang, Gurudamba বা Nathula। নাথুলার সাথে একইদিনে Changu Lake ও বাবা হরভজন সিং এর মন্দির দেখে আসা যায়। Sikkim এর শিল্প tourism এর উপর নির্ভরশীল, অন্য কোনো বড় শিল্প চোখে পড়েনি। আবার আসব ভেবে ওখান থেকে বিদায় নিলাম।



Dipak Dutta is the grandfather of Rohit (Meet) De, is a frequent visitor to San Diego. He loves to travel and has visited many places in India and USA. He conveys his good wishes to Saikat.

কলির দেবতা

দেবিকা মুখার্জী

মহাদেব মর্ত্যের পূজা attend করে কৈলাসে ফিরে গিয়ে মা দুর্গাকে বললেন, “দুর্গা! ঐ হাড়কিপটে শ্বশুরবারিতে আমার মাওয়ার পাঠ খুব শীঘ্রই উঠে যাবে বলে মনে হচ্ছে। মা দুর্গা খুব রেগে গিয়ে মহাদেবকে জিজ্ঞেস করলেন, “আচ্ছা তুমি বল দেখি, কেন তুমি আমার বাপের বাড়ীকে সব সময় ‘হাড় কিপ্টে’ বল ? কি করেছে ওরা ? মহাদেব একগাল হেসে বললেন, “হাড় কিপ্টেদের হাড় কিপ্টে বলব না ত কি বলব ? দাতা কর্ণ বলতে হবে বুঝি ? হাড় কিপ্টে ! কখনও দেখলাম তো মেয়ে – জামাই- নাতি- নাতনীদের আনতে টাকা পাঠায়।” মা দুর্গা ফোঁস করে উঠলেন, “এটা আধুনিক যুগ! আধুনিক যুগে মেয়ে- জামাইকে আনতে কেউ টাকা পাঠায় না।”

মহাদেব বললেন “আর হাসিও না আমাকে। ওদের আধুনিকতার বহর আমি দেখে নিয়েছি।” ওরা নিজেদের বেলায় আধুনিক, আর আমাদের বেলায় চরম সেকেলে। তুমি নিজেই ভেবে দেখ, তোমাদের নিয়ে যায় ট্রাকে করে। আর নিজেরা Inova বা Mercedes করে family নিয়ে ঘুরে বেড়ায়। আর আমি যখন একা যাই, তখন আমাকে কিসে নিয়ে যায় জান? রিক্সায়!! বন্ধুবান্ধবদের কাছে আমার বলতেও লজ্জা করে। কিপ্টেই যদি না হবে তো, জামাইকে আনতে Inova পাঠাতে পারে না? কিপ্টের দল! আর পূজোর পর যখন আমাদের কৈলাসে পাঠায়, তখন আমাদের সবাইকে গঙ্গার জলে ভাসিয়ে দেয়। সাঁতার কেটে তবে আমাদের কৈলাসে ফিরতে হয়। তোমাদের গঙ্গার জলে যা pollution, প্রত্যেক বার কৈলাসে ফিরেই তোমাদের সবাইকে skin-specialist দেখাতে আমার টাকা খরচ হয়ে যায়। ঐ কিপ্টে শ্বশুরবাড়িতে যেতে না হলে অন্ততঃ সেই খরচের হাত থেকে বাঁচব।

আর তুমি তোমার বাপের বাড়ীর আধুনিকতার বড়াই করছ, তাই না ? সন্ধিপূজোর সময় তো দেখি, সেই আদিকাল থেকে চলছে এক নিয়ম। দশকর্মা দোকান থেকে “ধোনো মদ” কিনে নিয়ে এসে জামাই আপ্যায়ণ হচ্ছে। আর নিজেরা “বিলিতি মদ” Scotch Whiskey কিনে নিয়ে এসে বন্ধুবান্ধবদের ডেকে পেগের পর পেগ শেষ করে দিচ্ছে। আমি কি অন্ধ? কিছুই দেখি না। আমি নেহাত ভদ্র। তাই কিছু বলিনা। আরও আধুনিকতার গল্প শুনতে চাও? তবে শোন- সন্ধিপূজোর dinner- এ সেই আদিকাল থেকে চলছে এক menu- লুচি আর হালুয়া। কেন? তোমার বাপের বাড়ীর দেশ তো শুনেছি Domino’s Pizza ও Pizza Hut এ ছেয়ে গেছে। লুচি আর হালুমার পরিবর্তে Domino’s Pizza দিতে পারে না ? স্বাদের ও তো পরিবর্তন হয়। আসলে হাড় কিপ্টে। সম্ভায় সারতে চায়। তবে মন খারাপ করো না দুর্গা। তোমার বাপের বাড়ীতে যাবার পাট যদি তোমার চুকে যায়, তবে “package tour” এ তোমাদের সবাইকে নিয়ে Hong Kong, Bangkok ও Singapore ঘুরে আসব।

মা দুর্গা তন্ত্রক্ষণাৎ বললেন “সে তোমরা যেও, আমি কিন্তু আমার বাপের বাড়ী ছাড়া কোথাও যাব না। মহাদেব হাঃ হাঃ করে হাসতে লাগলেন। হেসে বললেন, “তা তোমাকে যেতে বললে তবে না তুমি যাবে।”

দুর্গা পরক্ষণেই বললেন, “কি যে বল না তুমি। ওরা সারাবছর অপেক্ষা করে থাকে, কবে আমরা যাব। ওদের কি ভক্তি! ভক্তদের মনে কষ্ট দিতে নেই। মহাদেব বললেন, “ঐ আনন্দেই থাকা। এবার যা দেখে এসেছি; তাতে তো মনে হচ্ছে, তোমারও বাপের বাড়ী যাবার পাট চুকল বলে।”

মা দুর্গা বললেন, “কি দেখেছ বলো তো? আমি তো কিছু দেখিনি।”

মহাদেব বললেন- “তুমি তো আচ্ছা মেয়ে। তোমার চোখের সামনেই সব ঘটল আর তুমি কিছুই দেখতে পেলে না? আসলে বাপের বাড়ীর ব্যাপারে তোমার IQ জিরো। লক্ষ্য করনি, নবমী পূজোর দিন প্যান্ডেল উপচে ভিড় ছিল। মা দুর্গা বললেন, “কেন লক্ষ্য করব না? ওরা আমাদের ভক্তি করে, তাই আমাদের দেখতে এসেছিল। বাবা রে বাবা কি ভক্তি! হাঃ হাঃ করে মহাদেব হাসতে লাগলেন। ওদের ভক্তি দেখে মূর্ছা যাই আর কি! আমিও প্রথমে ভেবেছিলাম, আমাদের প্রতি ওদের ভক্তি বেড়েছে বোধ হয়। হঠাৎ দেখি, অল্পবয়সীরা সব ছুটছে। ওরা ছোটে কেন? ওরা কি অন্য কোনও দেব-দেবীর ভক্ত হয়ে পড়ল? একটু ঈর্ষান্বিত হলাম। কানে এলো “শাহরুখ খান এসে গেছে রে! নাচবি চলা।” শাহরুখ খান! সে কে? কোন দেবতা? এমন দেবতার নাম তো শুনিনি কখনও। আমার প্রতিদ্বন্দ্বী দেবতা নয় তো? পরক্ষণেই পড়ল, “ও সেই শাহরুখ! তোমার বাপের বাড়ীর দেশের

“film-star”. নাচতে ওস্তাদ। মনে বিরাট ধাক্কা খেলাম। আমার পরনে বাঘছাল, মাথায় জটা। অল্পবয়সীদের পছন্দ নাও হতে পারে। তাই ওরা জিনস পরা শাহরুখ-এর ভক্ত হয়ে পড়েছে। কালে কালে হয়ত আমাকে জিনস পড়তে হবে। Hair-style ও পাল্টাতে হতে পারে। ওদের মন পাওয়ার জন্য। সেখানেই শেষ নয়। তোমার বাপের বাড়ীর দেশের মা, কাকীমা, জেঠীমা, মাসীমা – সব আধবুড়ীর দলকে বলতে শুনলাম- আমরাও যাব শাহরুখ খান- এর সাথে নাচতে। সন্ধ্যারতিটা হতে দে। বলে কি- ওই প্রায় বৃদ্ধা ভদ্রমহিলারা? ওরা নাচবে? ওদের তো ঘাড়ে কোমরে spondylitis. এক ভদ্রমহিলা আর এক ভদ্রমহিলাকে বলছে, “আমার ব্যাগে volini আছে। বেশ করে ঘাড়ে কোমরে volini লাগিয়ে নাচব। শাহরুখ বলে কথা। বলা তো যায়না- “আমরা আজ আছি, কাল হয়ত নেই। মনোবাসনা পূর্ণ না করে মরলে আবার হয়ত শাহরুখ খান- এর সাথে নাচার জন্যই জন্মতে হবে। তাই সুযোগ যখন পেয়েছি, নেচেই নিই।” ওদের কথা শুনে আমি আর হাসি চাপতে পারিনি।

হঠাৎ দেখলাম, দূরে কারা যেন হাত নাড়িয়ে নাড়িয়ে কি সব বলছে। কাছে গিয়ে দেখলাম- তোমার বাপের বাড়ীর দেশের মা- ঠাকুমার দল। ওরা তো অতিবৃদ্ধা। ওদের চামড়া পর্যন্ত ঝুলে গেছে। নাচার কোনও ক্ষমতা নেই। তবুও চেয়ারে বসেই দুলাছে আর হাত নাড়িয়ে নাড়িয়ে যা বলছে, শুনলে তোমার blood pressure চড়ে যাবে। ওরা বলছে-

“আজ শাহরুখ নামের জোয়ার এসেছে, মোদের মনে প্রাণে,
 মুঞ্চ হয়ে শাহরুখ পানে চেয়ে রয়েছি দু- নয়নে।
 এ বয়সেও শাহরুখ- কে দেখে মনটি হচ্ছে উড়ু উড়ু-
 শাহরুখের সাথে নাচার তরে বঞ্চ করছে দুর্ন্দুর।
 ওর সাথে নৃত্য করার ইচ্ছে খুবই হয়
 বয়সের ভারে অক্ষম হয়েছি, তাই পাচ্ছি মোরা ভয়।
 সাইটিকার তীর ব্যাথায় নড়াচড়াই দায়,
 শাহরুখের সাথে নাচব ভাবলেই ব্যাথা চলে যায়।
 মোদের নৃত্য দেখে হাসতেও পারে ছোঁড়াছুঁড়ির দল
 শাহরুখের সাথে নাচলেই পাব মনে বল।
 তখন কিন্তু পাব না মোরা দেবদেবী কে ভয়,
 গলা উঁচিয়ে গাইব মোরা শাহরুখ খানের জয়।”

ঐ অতিবৃদ্ধা ভদ্রমহিলাদের মুখে শাহরুখ- বন্দনা শুনে মনে মনে ভাবলাম- এ কি শুনছি। যাদের নাকি চিতায় ওঠার সময় হয়ে এসেছে, তারাও দেবতা ছেড়ে film-star এর ভক্ত হয়ে পড়ল। স্বপ্ন দেখছি না তো? নিজেকে জোরে চিমটি কাটলাম। নাঃ, দিব্যি জেগে রয়েছি।

দুগা! তোমার বাপের বাড়ীর ঐ অতিবৃদ্ধাদেরও যে এতদূর অধঃপতন হয়েছে, তা কিন্তু ভাবতে পারিনি।

মহাদেব আরও বললেন, দুর্গা, দিন কিন্তু ভয়ানক খারাপ আসছে। এখন তো তোমার বাপের বাড়ীর ঠাকুমা দিদিমার দল আমাদের ভোগ- এর ব্যাবস্থা করছে। সেদিন আসতে কিন্তু বেশি দেরী নেই যেদিন ঐ অতিবৃদ্ধা ভদ্রমহিলারাই বলে বসবে, “বাবা মহাদেব! তোমায় চাল, ডাল, মশলাপাতি, তেল, নুণ, সস্তী, ধী, ময়দা, সুজি, চিনি- সব দিলাম। তুমি তো অতি অল্পেই তুষ্ট! তুমি তোমার পরিবারকে নিয়ে এগুলো কাঁচা কাঁচাই খেয়ে নিও। যদি একান্তই কাঁচা খেতে না পার, তবে কৈলাসে এগুলো নিয়ে গিয়ে রান্না করে খেয়ে নিও। আমাদের এত সময় নেই যে তোমাদের পেছনে নষ্ট করব। তার চেয়ে film-star- দের সাথে নাচতে আমাদের অনেক ভাল লাগবে।

আমি স্পষ্ট বুদ্ধিতে পারছি মর্ত্যবাসীর মন থেকে আমাদের জায়গা কেড়ে নিয়েছে ঐ film-star -এর দল। দুর্গা, দেখে নিও- শীঘ্রই মর্ত্যবাসীরা আমাদের উদ্দেশ্যে ঘোষণা করবে- “তোমরা আর আরাধ্য দেবদেবী নও। আমাদের আরাধ্য দেবদেবী হল - শাহরুখ খান, সলমন খান, আমির খান, আমিতাভ বচ্চন, প্রিয়াঙ্কা চোপড়া, দীপিকা পাডুকোন, ঐশ্বর্য রায়, ক্যাটরিনা ইত্যাদি

সময়ের ছবি

সুমনা চক্রবর্তী

আগমনী এক জীবন নদী
ইচ্ছে শক্তির উপর দাড়িয়ে
অনন্ত উজ্জীবিত লড়াকু
মনোভাব, আজ স্তব্ধ ঝয়ে ঝয়ে।
শবের গন্ধ এখনো,
আবৃত্তি, গান, ছবির গায়ে
প্রতি মুহূর্তের ইচ্ছে ভাবনা
চুরমার, এক লহমায়।
বিষন্ন হাসি হাসে
ভীর হৃদয় ব্যাথায়,
লুকিয়ে চোখের জল
বাবার স্মৃতির পাতায়।
কত কথা ছিল
হৃদয় ভরানো আলো
নিভেও নিভল না
স্বপ্নের সময় গুলো।

শুভকামনা

সুমনা চক্রবর্তী

অবসন্ন মেঘের জমাট বাঁধা বর্ষায়
প্রকৃতি উল্লসিত, ভিজে আক্লত
গাছ আর ঘাস গুলো
সবুজ ভারে মাথা নত।
আকাঙ্ক্ষা আর পাওয়ার খোঁজে
প্রাণে প্রাণে যখন পড়ে সাড়া,
এক পশলায় ওরাই তো
মাতিয়ে রাখে পাড়া।
কচি বাঁশের ফাঁকে দাদুরীর ডাকে
পত্রপুঞ্জ পড়ে দীর্ঘ ছায়া,
একলা সূর্য ডেউ এর কিনারে
জাগিয়ে রাখে আগামী দিনের মায়া।



Sumana Chakraborty enjoys literature and drama. In between her home and professional work she takes time to read and write. Her work has been published in several literary magazines including Anandabazar, Kheya, Sharadiya-seemarekha and Kobita Ei somoy. She also likes acting. She has acted in many dramas and “shruti-nataks” and delighted her audience with her performances. Sumana’s other passion is cooking -both regular and creative dishes.



The Thunk and the Shromp

Raika Ghosh


One day I was sitting on a tree;
When I heard a loud buzzing bee.
The bee was so loud, what could I
do?

All of a sudden I got an idea,
So I threw my shoe!
It died and I cried so loud,
What can I do?
My shoe was so mushy and nasty,
(That's TRUE!)

That night I went to bed,
It wasn't that nice
When I heard TEN little mice!!
Now, what can I do?
I know I'll do something
BUT NOT THROW MY
SHOE!!



Raika Ghosh lives in Vista , CA. She is 8 years old and goes to Guajome Park Primary Academy in 3rd grade. She is learning Hindusthani classical music & piano and loves to sing. She likes karate moves and also to draw, dance, and play with her friends. She is a competitive soccer player too, playing So Cal premier soccer league with FC Sol San Marcos.





Karna's Mistake

Adrita Chakraborty

In the famous epic, the *Mahabharata*, Karna, the king of Anga, was a man bound by righteousness. However, he walked the path of unrighteousness because of his friendship with the wicked Crown Prince Duryodhan of Hastinapur. During the game of dice played between Emperor Yudhistir and the king of Ghandhar, Shakuni, Empress Draupadi was gambled and lost. Karna, who was no longer righteous, insulted her. Why? Because earlier, during Draupadi's swayamvaram, she declared that she wouldn't marry a suth-putra. Since then, Karna was filled with anger and decided to take revenge against Draupadi. As the days went by he became more and more influenced by Duryodhan.


Sometimes, a person does not consider justice or injustice when doing something. Instead, he looks up to someone who is a notch higher in achievement or power. Karna blindly followed his friend. Even though he suffered the burden of insults heaped upon him from society and still worked hard yet, he had no right to be on the side of evil. In contrast, the five Pandavas also suffered a lot and worked really hard, yet they remained righteous. As we can see, the Pandavas and Karna both ended up in different situations. Though Karna eventually realized the error of his ways with the help of Vasudeva Krishna, it was already too late. He died on the battlefield, whereas the Pandavas, who had remained virtuous throughout, were the victors of the Kurukshetra War.

I hope you can see that in order to do what is right you might have to sacrifice and leave your family and friends behind. This is because they might not always follow the right path, and this can hurt everyone. You must leave behind certain things, no matter how much you care for them, in order to bring justice to the world. In the end, your reward will be much better than what you have abandoned for the sake of others and goodness of the world at large.

Hain katha sangram ki

Vishwa ke kalyaan ki, Dharm adhar maadi adharm

Sstya asatya kalesh ka dharm.



Adrita is a 4th grader at Monterey Ridge. She likes to play tennis and the flute. Adrita also likes to draw, read, write, and build. Her favorite book/movie series is Harry Potter, and she has recently taken a liking to the Indian epic, the Mahabharat. Illustrations are by Adrita.



A Ring Forever

Anushree Chaudhuri

[This poem is my interpretation of a picture of African tribal people sitting together in a circle]

Heads of honeycomb stud the ring,
Curving around elegant forms in warm hues of brown
That come together like rays of the sun
In the middle of a leafy green forest
There lies a ring
A ring crafted not of cold diamond and gaudy gold,
But of life, of beating hearts and hands and feet
Wreathed together
Of peace, unity, happiness, and freedom
On the longest day, and longest night
When shadows stretch, and the sun and moon are at
their fullest
It is then that the forgotten people of a faraway place
Gather in an unknown corner of a nameless jungle
As these people, so long ago discarded by others,
Come together,
Time stops
And there is only music
The soft whistling of the wind and the hum of the
crickets
Of voices, young and deep and old and cracked,
Strung together by the rhythm of the ground
It is not perfect, but it is together
It is a ring forever
A promise to the earth



*Anushree
Chaudhuri
is a 7th
grader at
Mesa
Verde Mid-*

*dle School. She loves music, the
arts, running, and karate. Her fa-
vorite hobbies and pastimes include
biking, knitting, ice-skating, and*





Human Virus Attacks

Joyita Bhattacharjee

Most of us have experienced common cold or flu at one time or another with symptoms like fever, congestion, cough, and sore throat. Colds and flus (influenza), caused by viruses, can be spread through human contact in schools, offices, and homes, no matter where in the world we live. However, even more serious, often deadly diseases including HIV/AIDS, **Ebola** Hemorrhagic Fever (EHF), Hepatitis A, and **Herpes Simplex are also caused by viruses**. How do viruses cause so much trouble? What make them transmit so easily? Why are we so defenseless against them? And an even more critical question, what can we do to stop the wide-spread havoc caused by viruses?

